কালের কণ্ঠ
কালের কণ্ঠ

তারিখ 21 AUG 2017 ...
কলাম ...

# জাবিতে অনলাইনে ভর্তির আবেদন কার্যক্রম শুরু

জাবি প্রতিনিধি ▷

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি প্রার্থীদের অনলাইনে ভর্তি পরীক্ষার আবেদন কার্যক্রম শুরু হয়েছে। রবিবার সকালে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে এ কার্যক্রমের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম। আগামী ২১ সেপ্টেম্বর রাত ১২টা পর্যন্ত এ আবেদন কার্যক্রম অব্যাহত থাকবে। উদ্বোধনী অনুষ্ঠানে জানানো হয়, এ বছর বিভিন্ন অনুষদ ও ইনস্টিটিউটের ভর্তি পরীক্ষা ১০টি ইউনিটের অধীনে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষায় এ, বি, সি, ডি, ই ইউনিটের আবেদন ফরমের মূল্য ৫৫০ টাকা এবং সি১, এফ, জি, এইচ ইউনিটের আবেদন ফরমের মূল্য ৩৫০ টাকা নির্ধারণ করা হয়েছে। ভর্তির আবেদন ফি ডাচ্-বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং 'রকেট'-এর মাধ্যমে জমা দিতে হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেন, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. আমির হোসেন, কোষাধ্যক্ষ অধ্যাপক শেখ মনজুরুল হক, রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক এবং ডেপুটি রেজিস্ট্রার ও কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটির সদস্যসচিব মো. আবু হাসান প্রমুখ উপস্থিত ছিলেন।

বরাবরের মতো এবারও পরীক্ষাকেন্দ্রে ক্যালকুলেটর, মোবাইল ফোন বা টেলিযোগাযোগে সক্ষম কোনো ইলেকট্রনিক ডিভাইস, যন্ত্র ও ঘড়ি সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে। ভর্তিসংক্রান্ত যেকোনো তথ্য ও আবেদনের নিয়মাবলি নির্ধারিত ওয়েবসাইট (https://juadmission.org/index/circula) থেকে জানা যাবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| প্রোগ্রাম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর